

সংবাদ

সংবাদ

10 MAY 2019

তারিখ: ...
পৃষ্ঠা: ৩৪ কলাম: ৪

শিক্ষায় বাংলাদেশ বিশ্বের জন্য অনুকরণীয় দৃষ্টান্ত : ইউনেস্কো মহাপরিচালক

নিজস্ব ব্যক্তি পরিবেশক

শিক্ষাক্ষেত্রে বাংলাদেশ এখন বিশ্বের বহুদেশের জন্য অনুকরণীয় দৃষ্টান্তে পরিণত হয়েছে। শিক্ষার এ উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হবে। ইউনেস্কোর মহাপরিচালক মিজ ইরিদা বোকোভা গতকাল শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সঙ্গে তার অফিস কক্ষে এক সভার এ যুগব্য বহুরন। এ সময় শিক্ষাসচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী, ইউনেস্কোর শিক্ষা-প্রোগ্রাম বিশেষজ্ঞ কিচি ওয়াগু, অতিরিক্ত সচিব এসএম গোলাম ফারুক ও ইকবাল হান চৌধুরী, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)-এর চেয়ারম্যান প্রফেসর মোস্তফা কামালউদ্দিন উপস্থিত ছিলেন। মিজ বোকোভা বলেন, প্রাথমিক ও মাধ্যমিক স্তরে ছাত্র ও ছাত্রীদের সংখ্যার সমতা অর্জন, প্রাথমিকে শিক্ষার্থী জর্ডি প্রায় শতভাগে পৌঁছানো, বছরে ২৩ কোটির অধিক পাঠ্যপুস্তক বিতরণসহ বিভিন্ন ক্ষেত্রে অসামান্য সফলতা অর্জন করে শিক্ষায় বাংলাদেশ অনেকখানি এগিয়ে গেছে।